

া সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৮০১

৭. মন গলানো সুমিষ্ট উপদেশমালা (كِتَابُ الرَّقَائِق)

পরিচ্ছেদঃ যিকর-আযকার

باب الأذكار

আরবী

801 ـ أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ مُحَمَّدٍ الْحِيرِيُّ قَالَ: حَدَّثَنَا عَبْدُ اللَّهِ بْنُ هَاشِمٍ قَالَ: حَدَّثَنَا عَبْدُ اللَّهِ بْنُ هَاشِمٍ قَالَ: أَخَذَ يَحْيَى الْقَطَّانُ عَنْ سُلَيْمَانَ التَّيْمِيِّ عَنْ أَبِي عُثْمَانَ النَّهُدِيِّ عَنْ أَبِي مُوسَى قَالَ: أَخَذَ الْقَوْمُ فِي عَقَبَةٍ أَوْ تُنِيَّةٍ فَكُلَّمَا عَلَاهَا رَجُلُّ قَالَ: لَا إِلَهَ إِلَّا اللَّهُ وَاللَّهُ أَكْبَرُ وَالنَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَلَى بَغْلَةٍ يَعْرِضَهُا فِي الْجَبَلِ فَقَالَ: (يَا أَيُّهَا النَّاسُ إِنَّكُمْ لَا تَدْعُونَ أَصَمَّ وَلَا عَلْيًا) ثُمَّ قَالَ: (يَا أَيُّهَا النَّاسُ إِنَّكُمْ لَا تَدْعُونَ أَصَمَّ وَلَا غَلْيًا) ثُمَّ قَالَ: (يَا أَيُّهَا النَّاسُ إِنَّكُمْ لَا تَدْعُونَ أَحَمَ قَلَا عَبْدَ اللَّهِ بْنَ قَيْسٍ أَلَا أَدُلُكَ عَلَى كَنْزٍ مِنْ كُنُوزِ الْجَنَّةِ)؟ غَائِبًا) ثُمَّ قَالَ: (يَا أَبًا مُوسَى أَوْ يَا عَبْدَ اللَّهِ بْنَ قَيْسٍ أَلَا أَدُلُكَ عَلَى كَنْزٍ مِنْ كُنُوزِ الْجَنَّةِ)؟ قَالَ: بَلَى يَا رَسُولَ اللَّهِ قَالَ: (لَا حَوْلَ وَلَا قُوّةَ إِلَّا بِالله)

قَالَ أَبُو حَاتِمٍ: قَوْلُهُ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (إِنَّكُمْ لَا تَدْعُونَ أَصَمَّ وَلَا غَائِبًا) لَفْظَةُ إِعْلَامٍ عَنْ هَذَا الشَّيْءِ مُرَادُهَا: الزَّجْرُ عَنْ رَفْع الصَّوْتِ بِالدُّعَاءِ.

الراوي: أَبُو مُوسَى المحدث: العلامة ناصر الدين الألباني ا المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 801 | خلاصة حكم المحدث: صحيح ـ

বাংলা

৮০১. আবৃ মুসা আল আশ'আরী রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "সাহাবীগণ একবার পাহাড়ী গিরিপথ বা ঢালু পথের উপর চলার সময় (উচ্চ আওয়াজে) اللَّهُ أَكْبَلُ (আল্লাহ ছাড়া প্রকৃত কোন মা'বূদ নেই।), বলছিলেন। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এসময় একটি খচ্চরের উপর ছিলেন, তিনি সেটিকে পাহাড়ে চালিত করছিলেন। অতঃপর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, "হে লোকসকল, আপনারা বিধির বা অনুপস্থিত সত্তাকে ডাকছেন না।" তারপর তিনি বলেন, "হে আবৃ মুসা অথবা (রাবীর সন্দেহ রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন) হে আব্দুল্লাহ বিন কায়েস, আমি কি আপনাকে জান্নাতের ধন-ভান্ডারের মধ্য হতে একটি ধন-ভান্ডারের সন্ধান দিবো না?" জবাবে তিনি বলেন, "জ্বী, হ্যাঁ। হে



আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম।" তিনি বলেন, "(সেটি হলো) لَا حَوْلُ وَلَا قُوَّةَ إِلَّا بالله —(মন্দ কাজ থেকে বিরত থাকার) কোন সামর্থ নেই আল্লাহ ছাড়া আর (ভাল কাজ করার) কোন ক্ষমতা নেই আল্লাহ ছাড়া।"[1]

আবৃ হাতিম ইবনু হিবানে রহিমাহল্লাহ বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর বক্তব্য "আপনারা বধির বা অনুপস্থিত সত্তাকে ডাকছেন না।" এটি একটি শব্দরুপ যার মাধ্যমে এই ব্যাপারটি জানিয়ে দেওয়া হচ্ছে। এর দ্বারা উদ্দেশ্য হলো দু'আর সময় উচ্চ আওয়াজ করার ব্যাপারে সতর্কীকরণ।"

ফুটনোট

[1] মুসনাদ্ আহমাদ: ৪/৪০৭; সহীহ মুসলিম: ২৭০৪; আবূ দাউদ: ১৫২৭; সহীহ আল বুখারী: ৬৬১০; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ১০/৩৭৬; ইবনু মাজাহ: ৩৮২৪; তিরমিযী: ৩৪৬১।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবু দাউদ: ১৩৬৫, ১৩৬৭।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবু মুসা আল- আশ'আরী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন